

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৩

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم صَائِما فِي الْعشْر قطِّ. رَوَاهُ مُسلم

বাংলা

২০৪৩-[৮] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কখনো 'আশর-এ (অর্থাৎ- যিলহজ মাসের প্রথম দশকে) সওম পালন করতে দেখিনি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১৭৬, তিরমিয়ী ৭৫৬, আহমাদ ২৪১৪৭, সহীহ ইবনু খুযায়মাহ্ ২১০৩, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৩৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অপর বর্ণনায় রয়েছে যে, তিনি বলেন, আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যিলহজ মাসের প্রথম দশকে সিয়াম পালন করতে কখনই দেখিনি। অন্যদিকে কাতাদাহ্ বর্ণিত হাদীসে যিলহজ মাসের ৯ম তারিখের সিয়াম মুস্তাহাব বলা হয়েছে আর তা হলো 'আরাফার দিন। আবার হাফসা (রাঃ) বর্ণিত হাদীসে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সিয়াম কখনও পরিত্যাগ করেননি মর্মে দলীল পাওয়া যায়।

কাজেই 'আয়িশাহ্ (রাঃ) বর্ণিত হাদীসের জবাবে বলা যায় যে, তার সিয়াম পালন না করার কথা দ্বারা উদ্দেশ্য হলো, অসুস্থতা ও সফর অবস্থায় সিয়াম পালন না করা। অথবা তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সিয়াম পালন করতে দেখেননি, আর তার না দেখাটা সিয়াম পালন না করা বুঝায় না। কারণ যখন নাফী (না-বাচক) ও ইস্বাত (হ্যাঁ-বাচক) বৈপরীত্যপূর্ণ হয় তখন হ্যাঁ-বাচকটাই গ্রহণযোগ্যতা পায়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন